

আপনি কী জানতেন?...



আপনি এখন প্রথম দিন থেকেই আপনার গর্ভস্থ শিশুকে হুপিং কফ থেকে রক্ষা করতে পারেন।

- গবেষণায় দেখা গিয়েছে যে গর্ভাবস্থায় হুপিং কফের টিকা নেওয়া মা ও শিশু উভয়ের জন্যই নিরাপদ এবং কার্যকরী।
- গর্ভাবস্থায় (বিশেষ করে ২৮ সপ্তাহের সময়) টিকা নিলে আপনার শরীর অ্যান্টিবডি তৈরি করে যা জন্মের আগে আপনার শিশুর দেহে প্রবাহিত হয়। এই অ্যান্টিবডিগুলো আপনার শিশুকে তার ৬ সপ্তাহ বয়সে নির্ধারিত টিকা নিতে প্রস্তুত হওয়ার আগ পর্যন্ত রক্ষা করবে।
- হুপিং কফ একটি উচ্চমাত্রায় সংক্রামক ব্যাকটেরিয়াজনিত রোগ যা দমকে দমকে গুরুতর কাশির সৃষ্টি করে। যেকেউই এতে আক্রান্ত হতে পারে, তবে এটি ছোট বাচ্চাদের ক্ষেত্রে অধিকতর তীব্র (এবং প্রাণঘাতী হতে পারে), বিশেষ করে যারা এতোটাই ছোট থাকে যে টিকা দেওয়া যায় না।
- হুপিং কফ থেকে সুরক্ষা পেতে পরিবারের যারা আপনার শিশুর সংস্পর্শে আসবে তাদের জন্যও টিকা নেওয়া জরুরী। অন্য শিশুদের হালনাগাদ টিকা দেওয়া হয়েছে কিনা তা নিশ্চিত হয়ে নিন এবং পরিচর্যাকারী ও ঘনিষ্ঠ পারিবারিক সদস্যদের মধ্যে যারা গত ১০ বছরে হুপিং কফের টিকা নেয়নি তাদেরকে বলুন তারা যাতে কোনো শিশুর সংস্পর্শে আসার অন্তত দুই সপ্তাহ আগে টিকা নেয়।
- আপনি যদি গর্ভধারণের পরিকল্পনা করে থাকেন কিংবা ইতিমধ্যেই গর্ভবতী হয়ে থাকেন, তাহলে গর্ভাবস্থায় আপনাকে কোন টিকাগুলো নিতে হবে সে সম্পর্কে আপনার জিপি, অ্যাবরিজিনাল মেডিক্যাল সার্ভিস অথবা অন্যান্য সেবা প্রতিষ্ঠানের সাথে কথা বলুন।

টিকা	পরামর্শ
হুপিং কফ	গর্ভবতী মহিলাদের ক্ষেত্রে গর্ভাবস্থার তৃতীয় প্রান্তিকে (বিশেষ করে ২৮ সপ্তাহের সময়)
ফ্লু	গর্ভবতী মহিলাদের ক্ষেত্রে গর্ভাবস্থার যেকোনো সময়ে, বিশেষ করে ফ্লু যে সময় বেশী দেখা দেয় তখন যারা গর্ভাবস্থার দ্বিতীয় কিংবা তৃতীয় প্রান্তিকে আছে।



Health

গর্ভাবস্থায় টিকা নেওয়া কতটুকু কার্যকর ?

গর্ভাবস্থায় টিকা না নেওয়ায় বড় কোনো হাসপাতালে জন্ম নেওয়া নবজাতকদের মধ্যে ৫০ জন ছপিং কফে আক্রান্ত হয়ে অসুস্থ হয়ে পড়বে – এদের মধ্যে ৪০ জনের অসুস্থতার কারণে হাসপাতালে ভর্তি হওয়ার দরকার হবে।

গর্ভাবস্থায় টিকা ছাড়া ছপিং কফ



হাসপাতালে সন্তান প্রসবকারী সব মহিলাই যদি গর্ভাবস্থায় টিকা নিত, তাহলে কেবল বছরে ৪ জন শিশু ছপিং কফে আক্রান্ত হত।

গর্ভাবস্থায় টিকা সহ ছপিং কফ



আপনার শিশুর জন্মের পর

‘সেইভ দ্য ডেইট টু ভ্যাকসিনেট’ (‘Save the Date to Vaccinate’) ফোন অ্যাপটি ডাউনলোড করুন

‘সেইভ দ্য ডেইট টু ভ্যাকসিনেট’ ফোন অ্যাপটি আপনাকে নিজস্ব একটি টিকা সময় তালিকা দেবে এবং আপনার শিশুর টিকার তারিখটি কবে তা মনে করিয়ে দেবে। এছাড়াও আপনি টিকা সম্পর্কিত দরকারী তথ্যের জন্য এবং সেই সাথে বিভিন্ন প্রকারের ভিডিওর জন্য www.immunisation.health.nsw.gov.au তে দেওয়া ‘সেইভ দ্য ডেইট টু ভ্যাকসিনেট’ ওয়েবসাইট দেখতে পারেন।

নিম্ন লিখিত
ফোনগুলোর
জন্য অ্যাপ
ডাউনলোড
করুন...



Health



health.nsw.gov.au/protectnewborns ওয়েবসাইটটি দেখুন